

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৭২(আগরতলা ১৩।০৬)

ছৈলেখটা, ১৩ জুন, ২০১৮

মালিভদ্র পাড়ায় বিশেষ স্বাস্থ্য শিবির

দূরবর্তী এলাকায় প্রতিনিয়ত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে লংতরাইভ্যালি মহকুমার মনু ব্লকের মালিভদ্র পাড়া জে বি স্কুলে সম্প্রতি বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। ধুমাছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য শিবিরে ৩৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় অষুধ দেওয়া হয়। শিবিরে কোন ম্যালেরিয়ার রোগী পাওয়া যায়নি। ধুমাছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে এ সংবাদ জানানো হয়।
